কর্মজীবী মহিলা হোস্টেল :

মহিলাদের অর্থনৈতিক কর্মকান্ডে অধিকহারে নারীদের সম্পৃক্তকরণের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় কর্মজীবী মহিলা হোস্টেলের মাধ্যমে কর্মজীবী নারীদের নিরাপদ আবাসন সেবা প্রদান করা হচ্ছে। ঢাকা শহরের নীলক্ষেত, মিরপুর-১ ও খিলগাঁও এ ৩টি কর্মজীবী মহিলা হোস্টেল অবস্থিত। এই ৩টি কর্মজীবী মহিলা হোস্টেল রাজস্ব খাতভুক্ত। ঢাকার বাইরে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরে ০১ টি করে মোট ৪টি কর্মজীবী মহিলা হোস্টেল রয়েছে। এই ৪টি কর্মজীবী মহিলা হোস্টেল স্ব-অর্থায়নে পরিচালিত হচ্ছে। ০৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে মোট সিট সংখ্যা-১,৪১৪ (গেস্ট সিটসহ)।

## কর্মজীবী মহিলা হোস্টেলের তথ্যাদি

| হোস্টেলের নাম, ফোন এবং ই-মেইল আইডি নম্বর | হোস্টেল সুপারের নাম এবং মোবাইল ফোন নম্বর | সিট সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. নীলক্ষেত কর্মজীবী মহিলা হোস্টেল, ঢাকা।<br>ফোন: ৫৮৬১৫৮৫২<br>ই-মেইল আইডি: hostelnilkhet@gmail.com | সাবেকুন নাহার<br>মোবাইল নম্বর: ০১৭৫৭৪০৭৩৩২ | ৫২৩<br>(৫০৩+২০টি গেস্টসিট) |
| | | |
| ২. নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা।<br>ফোন: ৯০৩৯২৮৮<br>ই-মেইল আইডি: mkmhostel@gmail.com | - | ১৬০<br>(১৫৪+৬টি গেস্ট সিট) |
| | | |
| ৩. বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাঁও, ঢাকা।<br>ফোন: ৪৭২১৯৮৯৫<br>ই-মেইল আইডি: brkm.hostel@yahoo.com | রাহেনুর বেগম<br>মোবাইল নম্বর: ০১৭১২০৬০৪৬৫ | ২১০<br>(২০০+১০টি গেস্টসিট) |
| | | |
| ৪. কর্মজীবী মহিলা হোস্টেল, চান্দগাঁও, চট্টগ্রাম।<br>ফোন: ০৩১-৬৭২৪৫৫<br>ই-মেইল আইডি:<br>dwactghostel@gmail.com | রোকেয়া বেগম<br>মোবাইল নম্বর: ০১৭১১৮২৫১৬৪ | ২১৫ |
| | | |
| ৫.কর্মজীবী মহিলা হোস্টেল, বিলসিমলা, রাজশাহী।<br>ফোন: ০৭২১-৬৭০৩৩১<br>ই-মেইল আইডি:<br>kmh.dwa.rajshahi@gmail.com | শবনম শিরীন<br>উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, রাজশাহী ও হোস্টেল সুপার (অতি:দা:)<br>মোবাইল নম্বর: ০১৭১৪২২৯৬৬৬ | ১১২ |
| | | |
| ৬. কর্মজীবী মহিলা হোস্টেল, বয়রা, খুলনা।<br>ফোন: ০৪১-৭৬২৮৯০<br>ই-মেইল আইডি:<br>kmh.khulna@gmail.com | নার্গিস ফাতেমা জামিন<br>উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, খুলনা ও হোস্টেল সুপার (অতি:দা:)<br>মোবাইল নম্বর: ০১৭১২৫৩০৪৬৫ | ১৫০ |
| | | |
| ৭.কর্মজীবী মহিলা হোস্টেল, ভোলা ট্যাংক রোড, যশোর।<br>ফোন: ০৪২১-৬১১৮৪<br>ই-মেইল আইডি:<br>kmhjessore1987@gmail.com | সকিনা খাতুন<br>উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যশোর ও হোস্টেল সুপার (অতি:দা:)<br>মোবাইল নম্বর: ০১৭১৬২১০৫৮৮ | ৪৪ |
| | | মোট সিটসংখ্যা=১,৪১৪টি |

২০/১০/১৭
AD (মার্কেটিং)

## কর্মজীবী মহিলা হোস্টেলে সিটপ্রাপ্তি-সংক্রান্ত তথ্য:

### সিটপ্রাপ্তির শর্তাবলীঃ

বিভিন্ন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত বিধিবদ্ধ সংস্থা/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কিন্তু কর্মক্ষেত্রে বসবাসের ব্যবস্থা নেই এমন অবিবাহিতা/ডিভোর্সি সন্তান নেই এমন (বিশেষক্ষেত্রে শিথিলযোগ্য) কর্মজীবী মহিলা নিম্নলিখিত শর্তে হোস্টেলে সাময়িকভাবে সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন :

- বাংলাদেশের নাগরিক হতে হবে।
- শারীরিক ও মাসসিকভাবে সুস্থ থাকতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক, বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য।
- কর্মক্ষেত্রে উচ্চতর প্রশিক্ষণরত প্রার্থী, তালাকপ্রাপ্তা, স্বামী থেকে বিচ্ছিন্ন, বিধবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার পাবেন।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সিটপ্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে এবং অন্যান্য শর্তাদি পূরণ হলে প্রতিবন্ধী কর্মজীবী মহিলাদেরও অগ্রাধিকার দেয়া হবে।
- ১৮ বছরের নীচে এবং ৫৯ বছরের উর্দ্ধে কোন কর্মজীবী মহিলা সিটপ্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না।
- একই হোস্টেলের কোন পুরাতন বোর্ডার দ্বিতীয়বারের জন্য আবেদন করতে পারবেন না।
- জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৭তম গ্রেড/সমমানের নীচে কর্মরত কোন মহিলা কর্মজীবী মহিলা হোস্টেলে সিট-প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন না।

### সিটপ্রাপ্তির জন্য আবেদনফরম সংগ্রহঃ

- ঢাকাস্থ ৩টি কর্মজীবী মহিলা হোস্টেলের আবেদনফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট (www.dwa.gov.bd) হতে আবেদনফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট হোস্টেলের ই-মেইল আইডি'তে জমা প্রদান করা যাবে।
- এছাড়াও হোস্টেলের সিট খালি/শূন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলের অফিস হতে অফিস চলাকালীন সময়ে (সকালঃ 9.00 হতে বিকালঃ 5.00 টা) সিটপ্রাপ্তির আবেদনফরম সংগ্রহ ও জমাপ্রদান করা যাবে।
- আবেদনফরমের সাথে চাকরির নিয়োগপত্র, জাতীয় পরিচয়পত্র, ১কপি পাসপোর্ট সাইজ ছবি এবং ট্রেজারি চালানের স্ক্যানড কপি ঢাকাস্থ নীলক্ষেত, খিলগাঁও ও মিরপুর কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরে অবস্থিত কর্মজীবী মহিলা হোস্টেলের জন্য পে-ইন-স্লিপ এর স্ক্যানড কপি সংশ্লিস্ট কর্মজীবী মহিলা হোস্টেলের ই-মেইল আইডি'তে প্রেরণ করতে হবে।

### দাখিলীয় কাগজপত্রঃ

সিটপ্রাপ্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীদের মোবাইলে এসএমএস প্রাপ্তির অব্যবহিত পরে (৭ দিনের মধ্যে) নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে। চাহিত কাগজপত্র দাখিলে ব্যর্থ হলে সিটপ্রাপ্তির জন্য প্রাথমিক নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

- স্থানীয় অভিভাবকের প্রত্যয়ন পত্র, নাম, ঠিকানা, ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি।
- স্থানীয় অভিভাবককে অবশ্যই বিবাহিত এবং ঢাকায় অবস্থান করতে হবে (ঢাকাস্থ কর্মজীবী মহিলা হোস্টেলের ক্ষেত্রে)।
- চাকরি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।
- হোস্টেলে সাক্ষাৎকারী ২ (দুই) জন ব্যক্তির নাম, ঠিকানা ও সম্পর্ক এবং ০২ কপি ছবি।
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
- স্বাস্থ্য সম্পর্কীয় সনদপত্র- ১ কপি।
- অফিস হাজিরা শিট (প্রযোজ্য ক্ষেত্রে) ও বেতন শিট (সাম্প্রতিক সময়ের)
- ট্রেজারি চালানের মূল কপি/পে-ইন-স্লিপ মূল কপি।

Ashrafuz
২০/১০/২২
AD (মার্কেটিং)

<u>৭ টি কর্মজীবী মহিলা হোস্টেলের সিট সংখ্যা ও সিট ভাড়ার হার:</u>

**১. কর্মজীবী মহিলা হোস্টেল, নীলক্ষেত, ঢাকা:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি | গেস্ট রুমের ভাড়া | |
|---|---|---|---|---|---|---|
| ১. | এক সিটবিশিষ্ট কক্ষ (২৮ × ১) | ২৮ টি | ২,৫৬০/- | ৩,২০০/- | বিভাগীয় গেস্ট | ৫০/- |
| ২. | দুই সিটবিশিষ্ট কক্ষ ( ৪০×২) | ৪০ টি | ১,৭৬০/- | | বাইরের গেস্ট | ১৬০/- |
| ৩. | তিন সিটবিশিষ্ট কক্ষ (৩৬×৩ ) | ১০৯টি | ১,২৮০/- | | | |
| ৪. | তিন সিটবিশিষ্ট কক্ষ (বাথরুমসহ) (১×৩) | ০৩ টি | ১,৬০০/- | | | |
| ৫. | চার সিটবিশিষ্ট কক্ষ (৭১×৪) | ২৮৪ টি | ১,১২০/- | | | |
| ৬. | বিশ সিটবিশিষ্ট গেস্ট রুম (১৩×১) | ২০ টি | ১৬০/- | | | |
| | মোট= | ৫২৩টি (গেস্ট রুমের সিটসহ) | | | | |

**২. নওয়াব ফয়জুন্নেছা কর্মজীবী মহিলা হোস্টেল, মিরপুর-১, ঢাকা:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি | গেস্ট রুমের ভাড়া | |
|---|---|---|---|---|---|---|
| ১. | দুই সিটবিশিষ্ট কক্ষ ( ১১×২) | ২২ টি | ১,৪০০/- | ২,৮০০/- | বিভাগীয় গেস্ট | ৫০/- |
| ২. | তিন সিটবিশিষ্ট কক্ষ ( ৪৪×৩) | ১৩২টি | ১,১২০/- | | বাইরের গেস্ট | ১৪০/- |
| ৩. | তিন সিটবিশিষ্ট গেস্ট রুম (৩×২) | ৬ টি | ১৪০/- | | | |
| | মোট= | ১৬০ (গেস্ট রুমের সিটসহ) | | | | |

**৩. বেগম রোকেয়া কর্মজীবী মহিলা হোস্টেল, খিলগাঁও, ঢাকা:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি | গেস্ট রুমের ভাড়া | |
|---|---|---|---|---|---|---|
| ১. | দুই সিটবিশিষ্ট কক্ষ ( ৩×২) | ৬ টি | ১,৯৬০/- | ১,৪৫০/- | বিভাগীয় গেস্ট | ৫০/- |
| ২. | তিন সিটবিশিষ্ট কক্ষ ( ৩×২) | ৬ টি | ১,৫০০/- | | বাইরের গেস্ট | ১৪০/- |
| ৩. | চার সিটবিশিষ্ট কক্ষ ( ২৬×৪) | ১০৪ টি | ১,১২০/- | | | |
| ৪. | ছয় সিটবিশিষ্ট কক্ষ ( ১৪×৬) | ৮৪ টি | ৯৮০/- | | | |
| ৫. | পাঁচ সিটবিশিষ্ট গেস্ট রুম (৫×২) | ১০টি | ১৪০/- | | | |
| | মোট= | ২১০টি (গেস্ট রুমের সিটসহ) | | | | |

**৪. কর্মজীবী মহিলা হোস্টেল, চান্দগাঁও, চট্টগ্রাম:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি |
|---|---|---|---|---|
| ১. | তিন সিটবিশিষ্ট কক্ষ (২৫×৩) | ৭৫ টি | ১১০০/- | ১০০০/- |
| ২. | চার সিটবিশিষ্ট গেস্ট রুম (৩৫×৪) | ১৪০ টি | ১১০০/- | |
| | মোট= | ২১৫টি | | |

**৫. কর্মজীবী মহিলা হোস্টেল, বিলসিমলা, রাজশাহী:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি |
|---|---|---|---|---|
| ১. | চার সিটবিশিষ্ট কক্ষ (২৮×৩) | ১১২ টি | ১০০০/- | ৭০০/- |
| | মোট = | ১১২টি | | |

**৬. কর্মজীবী মহিলা হোস্টেল, বয়রা, খুলনা:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি |
|---|---|---|---|---|
| ১. | তিন সিটবিশিষ্ট কক্ষ (২২×৩) | ৬৬ টি | ৭১০/- | ৭০০/- |
| ২. | চার সিটবিশিষ্ট গেস্ট রুম (২১×৪) | ৮৪ টি | ৬৬০/- | |
| | মোট= | ১৫০টি | | |

**৭. কর্মজীবী মহিলা হোস্টেল, ভোলা ট্যাংক রোড, যশোর:**

| ক্র: নং | সিটের ধরণ | সিট সংখ্যা | প্রতি সিটের ভাড়া | ভর্তি ফি |
|---|---|---|---|---|
| ১. | চার সিটবিশিষ্ট কক্ষ (৯×৪) | ৪৪টি | ৭০০/- | ৮০০/- |

১০/১০/১৯
AD (মার্কেটিং)